২৮৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP. 22 1999
পৃষ্ঠা ১৬ কলাম ৪

## ২টি শিক্ষক সমিতি একীভূত

গতকাল মঙ্গলবার শেখ আমানুল্লাহ ও সেলিম ভুঁইয়ার নেতৃত্বাধীন বাংলাদেশ শিক্ষক সমিতি এবং আব্দুস সালাম ও আজিজুল হক শাহর নেতৃত্বাধীন বাংলাদেশ শিক্ষক সমিতি শিক্ষক সমাজের বৃহত্তর স্বার্থে একীভূত হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। একীভূত সংগঠনের সভাপতি শেখ আমানুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া, আজিজুল হক শাহ সিনিয়র সহ-সভাপতি। একীভূত বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া শিক্ষক সমিতি ফেডারেশন ঘোষিত আগামী ১০ই অক্টোবর ঢাকায় শিক্ষক মহাসমাবেশে শিক্ষক-কর্মচারীদের অংশগ্রহণের আহ্বান জানাইয়াছেন। —প্রেস বিজ্ঞপ্তি